ঝিনাইদহে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ১ জনের মৃত্যু, আক্রান্ত ৫’শ ৯জন

ঝিনাইদহে দিন দিন বাড়ছে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ সদর হাসপাতালসহ বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২৫ জন নতুন রোগী ভর্তি হয়েছে। মারা গেছে ১ জন। এ পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ৫’শ ৯জন তার মধ্যে সুস্থ হয়ে বাসায় ফিরেছেন ৪৫৫ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি আছেন ৫৩ জন।

সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ জানান, গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার সকাল পর্যন্ত জেলার ৬ উপজেলায় সর্বমোট ২৫ জন নতুন রোগী ভর্তি হয়েছে এবং বর্তমানে হাসপাতালগুলোতে ৫৩ জন রোগী ভর্তি রয়েছে। এ নিয়ে এ বছর জেলায় মোট আক্রান্তের সংখ্যায় ৫’শ ৯ জন এবং সুস্থ হয়েছেন ৪৫৫ জন।

আজ বুধবার সকালে শৈলকুপায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মানিক শেখ (৪৫) নামের একজনের মৃত্যু হয়েছে। মৃত মানিক শেখ শৈলকুপা উপজেলার দিগনগর গ্রামের দবির শেখের ছেলে। সে ২ দিন যাবত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন।